গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
রপ্তানি শাখা
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dot.gov.bd

নং-২৪.০২.০০০০.০০৬.১৮.২২১.১৮-  তারিখ:  সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ

বিষয়: মেসার্স লানপিনো কোম্পানী লিমিটেড এর অনুকূলে ২য় এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ প্রসঙ্গে।

মেসার্স লানপিনো কোম্পানী লিমিটেড, অফিস: ৫৮৩, এফ-১১, শেওড়া পাড়া, মিরপুর, ঢাকা-১২১৬ ও কারখানা: হোল্ডিং নং-০২, শহীদ সুন্দর আলী রোড, মাছিমপুর, মন্নুনগর, টঙ্গী, গাজীপুর নামক কারখানাটি বৈদেশিক বিনিয়োগে ১০০% রপ্তানিমূখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে নিবন্ধিত। যার নিবন্ধন সংখ্যা: আরএমজি/ইএক্সপি/এফ ০০০৫২১-১৮, তারিখ: ২০/০৩/২০১৮ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: তৈরি পোশাক (নীট ও ওভেন)। প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ এড-হক শিল্প আই আর সি (নং: ব-১৪৭২৪৩, তারিখ: ০৯/০৫/২০১৮ খ্রিঃ) সুবিধা নিয়ে প্রয়োজনীয় কাঁচামাল আমদানি করতে না পারায় বস্ত্র অধিদপ্তরে ২য় এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ পত্রের জন্য আবেদন করেছেন। শিল্প প্রতিষ্ঠানটির আবেদন ও তাদের দাখিলকৃত কাগজপত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর ২য় এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ষান্মাসিক স্বত্ব নির্ধারণ প্রযোজ্য নয় বিধায় ১০০% রপ্তানিমূখী তৈরি পোশাক শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ এর অনুচ্ছেদ ২৪.৯ এর বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

অতএব, উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারি নিয়ম ও নীতি প্রতিপালন স্বাপেক্ষে মেসার্স লানপিনো কোম্পানী লিমিটেড এর অনুকূলে কাঁচামাল (নিষিদ্ধ পন্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) আমদানির জন্য ২য় এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ প্রদান করা হল। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমূখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

(মোঃ নিজাম উদ্দিন)
উপ-পরিচালক (কারিগরি)
রপ্তানি শাখা
ddexport@dot.gov.bd
ফোন: ৯১১১১০৯

প্রধান নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর,
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

নং-২৪.০২.০০০০.০০৬.১৮.২২১.১৮- ১২৩৭(৩)  তারিখ: ০৮ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৫ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-1000।
২। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স লানপিনো কোম্পানী লিমিটেড, অফিস: ৫৮৩, এফ-১১, শেওড়া পাড়া, মিরপুর, ঢাকা-১২১৬ ও কারখানা: হোল্ডিং নং-০২, শহীদ সুন্দর আলী রোড, মাছিমপুর, মন্নুনগর, টঙ্গী, গাজীপুর।
৩। লাইব্রেরীয়ান, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

০৪/০৯/১৯

(রাজু আহমেদ)
সহকারি পরিচালক (কারিগরি)
রপ্তানি শাখা
adimport@dot.gov.bd
ফোন: ৯১১৩৪১৫